# ধানমন্ডি ৩২-এ লাঠিপেটা, সাউন্ড গ্রেনেড নিক্ষেপে থমথমে পরিস্থিতি



সংগৃহীত ছবি

ধানমন্ডি ৩২ নম্বর এলাকায় দুপুর গড়াতেই পরিবেশ বদলে যায়। সড়কের দিকে একটি এক্সকাভেটর এগিয়ে আসতে দেখা মাত্রই আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বাধা দিলে পরিস্থিতি দ্রুত উত্তপ্ত হয়ে ওঠে। মুহূর্তেই সংঘর্ষের রূপ নেয়—কোথাও লাঠিচাপড়, কোথাও ইট নিক্ষেপ, আর চারদিকে দৌড়ঝাঁপ। এলাকা একসময় চাপা আতঙ্কে ডুবে যায়।

পরিস্থিতি ছড়িয়ে পড়তে না দেওয়ার জন্য সেনাবাহিনী পুরো রাস্তা ঘিরে নেয় এবং পুলিশ সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে জনতাকে পিছু হটতে বাধ্য করার চেষ্টা চালায়। নিরাপত্তা বাহিনীর সতর্ক অবস্থান সত্ত্বেও ঘটনাস্থলে উদ্বেগের ছায়া কাটেনি।

এক্সকাভেটর ঘিরে থাকা ছাত্র-জনতার ক্ষোভও তুমুল। তারা আওয়ামী লীগবিরোধী নানা শ্লোগান তুলতে থাকে, যার মধ্যে ছিল ৩২ নম্বর বাড়ি ভাঙার দাবি ও মুজিববাদবিরোধী বক্তব্য। উত্তেজনা আরও বাড়িয়ে তোলে এসব স্লোগান।

জনতার একাংশ বলেন, “রায় ঘোষণার পর আমরা আর এই বাড়ির কোনো চিহ্ন রাখতে চাই না। এখান থেকেই আমাদের মানুষদের ওপর হামলার নির্দেশ দেওয়া হয়েছিল। বাধা যতই আসুক, লক্ষ্য থেকে সরে যাব না।”

এখন পর্যন্ত পুরো এলাকায় সতর্ক মোতায়েন, আর পরিস্থিতি যে কোনো মুহূর্তে আবারও উত্তপ্ত হতে পারে—এমন আশঙ্কা রয়ে গেছে।

LENS ASIA